দৈনিক ইনকিলাব

01 JUL 1992

20 JUN 1992
তারিখ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ২ ...

# এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে ৯শ' পরীক্ষার্থী বহিষ্কার

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল দেশের ৪টি বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় ২শ' ২টি কেন্দ্র থেকে নকল করার দায়ে প্রায় ৯শ' পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নকল সরবরাহের অভিযোগে পাবনার একটি কেন্দ্র থেকে একজন পরীক্ষককে বহিষ্কার করা হয়। গতকালের পরীক্ষায় রাজধানী ঢাকার ৪টি কেন্দ্র থেকে ১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

আমাদের সংবাদদাতাদের নিকট থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী কুমিল্লা বোর্ডের অধীনে ৫৮টি কেন্দ্র থেকে ২৪২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। রাজশাহী বোর্ডের অধীনে ৬৫টি কেন্দ্র থেকে ৩শ' ৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। যশোর বোর্ডের অধীনে ১৭টি কেন্দ্র থেকে ৩৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয় এবং ঢাকা বোর্ডের অধীনে ৬১টি কেন্দ্র থেকে ২শ' ৮৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।